গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৫.৭১.০০২.২১- ৪৫৬

তারিখঃ ১২/১১/১৪২৭ বঙ্গাব্দ
২৪/০২/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ তদন্ত প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) ঢাকার ০৭ (সাত) জন নার্সকে অন্যত্র বদলি করা করা হয়। উক্ত নার্স বদলিকৃত কর্মস্থলে যোগদান না করে প্রতিদিন সভা সমাবেশ,মিটিং, শ্লোগান, লিফলেট,ফিষ্টুন লিখে হাসপাতালের পরিবেশে নষ্ট করছে। এমনকি হাসপাতালের সেবা তত্ত্বাবধায়কের কক্ষে তালা ঝুলিয়ে দিয়ে বেআইনি কার্যকলাপ করেছেন তাঁদেরকে চিহ্নিত করে প্রচলিত আইনে বিধি মোতাবেক শাস্তি প্রদান ও হাসপাতালে নার্সিং সেবা সুষ্ঠভাবে অব্যাহত রাখার নিমিত্ত এ অধিদপ্তরের ২৬-০১-২০২১ তারিখের ৪৫.০৩.০০০০.০০১.৯৯.০০১.১৯-২৩৩ সংখ্যক স্মারকমূলে একটি তদন্ত কমিটি গঠন করা হয় । উক্ত তদন্ত কমিটির সদস্যগণকে ০৫ (পাঁচ) কর্ম দিবসের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন এ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হয়। তদন্ত কমিটির সদস্যগণ গত ১০-০২-২০২১ তারিখে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) ঢাকায় উপস্থিত হয়ে তদন্ত কার্যক্রম সম্পূর্ণ করলেও অদ্যবধি তদন্ত প্রতিবেদন দাখিল করেননি ।

এমতাবস্থায়,উক্ত তদন্ত কমিটির সদস্যগণকে আগামী ২৫-০২-২০২১ তারিখের মধ্যে তদন্ত প্রতিবেদন এ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

২৪/০২/২০২১
সিদ্দিকা আক্তার
অতিরিক্ত সচিব
মহাপরিচালক
ই-মেইল:info@dgnm.gov.bd

বিতরণঃ-

০১। ফিরোজা বেগম,উপপরিচালক (প্রশাঃ),নার্সিং ও মিডওয়াইফারি অধিধপ্তর,ঢাকা ।
০২। শিরিন আখন্দ, উপপরিচালক (শৃঙ্খলা),নার্সিং ও মিডওয়াইফারি অধিধপ্তর,ঢাকা ।
০৩। ড.মোঃ মফিজ উল্লাহ,অধ্যক্ষ,কলেজ অব নার্সিং মহাখালী,ঢাকা।